

8
(প্রমদাবাবুকে লিখিত)

শ্রীশ্রীদুর্গা

বরাহনগর, কলিকাতা
২৮শে নভেম্বর, ১৮৮৮

প্রণাম নিবেদনমিদং--

মহাশয়ের প্রেরিত ‘পাগিনি’ পুস্তক প্রাপ্ত হইয়াছি, আমাদিগের বিশেষ কৃতজ্ঞতা জানিবেন। আমি পুনরায় জ্বরে পড়িয়াছিলাম -- তজ্জন্য শীঘ্র উত্তর দিতে পারি নাই। ক্ষমা করিবেন। শরীর অত্যন্ত অসুস্থ। মহাশয়ের শারীরিক এবং মানসিক কুশল মহামায়ীর^১ নিকট প্রার্থনা করি। ইতি

দাস

নরেন্দ্রনাথ

^১ মহামায়া, মহামাঈ